

🔳 वान-पूर्तिन्न | Al-Mu'minun | ٱلْمُؤْمِنُون

আয়াতঃ ২৩ : ২২

আরবি মূল আয়াত:

وَ عَلَيهَا وَ عَلَى الفُلكِ تُحمَلُونَ ﴿٢٢﴾

🗚 অনুবাদসমূহ:

আর এসব পশু ও নৌকায় তোমাদেরকে আরোহণ করানো হয়। — আল-বায়ান

আর ওতে আর নৌযানে তোমরা আরোহণ কর। — তাইসিরুল

এবং তোমরা তাতে এবং নৌযানে আরোহণও করে থাক। — মুজিবুর রহমান

And upon them and on ships you are carried. — Sahih International

২২. আর তাতে ও নৌযানে তোমাদের বহনও করা হয়ে থাকে।(১)

(১) এখানে সবশেষে জানোয়ারদের আরও একটি মহা উপকারের কথা উল্লেখ করা হয়েছে যে, তোমরা তাদের পিঠে আরোহণও কর এবং মাল পরিবহনেরও কাজে নিযুক্ত কর। এই শেষ উপকারের মধ্যে জন্তুদের সাথে নদীতে চলাচলকারী নৌকাও শরীক আছে। মানুষ নৌকায় আরোহণ করে এবং একস্থান থেকে অন্য স্থানে নিয়ে যায়। তাই এর সাথে নৌকার আলোচনা করা হয়েছে। কোন কোন মুফাসসির বলেন, এখানে গবাদি পশু ও নৌযানকে একত্রে উল্লেখ করার কারণ হচ্ছে এই যে, আরববাসীরা আরোহণ ও বোঝা বহন উভয় কাজের জন্য বেশীর ভাগ ক্ষেত্রে উট ব্যবহার করতো এবং উটের জন্য "স্থল পথের জাহাজ" উপমাটি অনেক পুরানো। [দেখুন: আদওয়াউল বায়ান]

তাফসীরে জাকারিয়া

(২২) এবং তোমরা তাতে ও নৌযানে আরোহণও করে থাক। [1]

[1] অর্থাৎ প্রভুর সেই সমস্ত অনুগ্রহ হতে তোমরা উপকৃত হও। তাহলে তিনি কি এর উপযুক্ত নন যে তোমরা তার কৃতজ্ঞতা আদায় কর এবং তাঁরই উপাসনা ও আনুগত্য কর?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2695

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন